বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
BANGLADESH WATER DEVELOPMENT BOARD

শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫
ফোন : ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd

নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩০৬.২০-১৩২

তারিখঃ ২৩-০২-১৪৩০ বঃ
০৬-০৬-২০২৩ খ্রিঃ

## দপ্তরাদেশ

জনাব মোঃ আবু নাসির (তুষার), সাবেক সেইলর, ইমারত পওর উপবিভাগাধীন যাত্রাবাড়ী পওর শাখা, বাপাউবো, যাত্রাবাড়ী, ঢাকা বর্তমানে সেইলর, জরীপ ও সমীক্ষা বিভাগ, বাপাউবো, ঢাকা'র বিরুদ্ধে যাত্রাবাড়ী ওয়াপদা কলোনীতে বসবাসরত অবস্থায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড বাসা বরাদ্দ নীতিমালা, ২০০৬ এর অনুঃ ১৫ এর নির্দেশনা ভঙ্গ করে ব্যক্তিগতভাবে লাভবান হওয়ার জন্যে কলোনীর কল্যাণ সমিতির কক্ষ ও ব্যাচেলর ব্যারাকের পাশে ছাগল, ভেড়া ও পাঁঠা পালনের নিমিত্ত একটি স্থায়ী ঘর নির্মাণ করা, কলোনীতে বহিরাগত সন্ত্রাসীদের নিয়ে জিম্মি করে ফেলা, শারীরিকভাবে লাঞ্ছিত করা, কলোনীর বাহিরের বন্ধুদেরকে সাথে নিয়ে কলোনীর বিভিন্ন স্থানে বসে নেশা দ্রব্য গ্রহণ করা, কিশোরী, যুবতী ও মহিলাদের উত্যক্ত করার পাশাপাশি কলোনীর অভ্যন্তরীন ও বাহিরের মহিলাদেরও উত্যক্ত করা এবং রাতে কলোনীর পুকুর থেকে জালের মাধ্যমে নিজ ছোট ভাইদের সাথে নিয়ে মাছ চুরি, বাগান থেকে ফল ও কৃষি দ্রব্য জোর করে নিয়ে যাওয়া সংক্রান্ত কতিপয় অনিয়মের অভিযোগে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ অনুযায়ী অভিযোগনামা আনয়ন পূর্বক কার্যধারা সূচনা করতঃ প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮(ক), (খ), (গ) ও (ঘ) অনুযায়ী অভিযুক্ত করে অত্র দপ্তরের স্মারক নং-২৩৭-পাউবো/শৃং/শা-২/অভি(গ)-০৮/২০২০ তারিখঃ ৩০/০৯/২০২০ খ্রিঃ মোতাবেক অভিযোগনামা প্রেরণ পূর্বক ১০ কার্যদিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনে লিখিত বিবৃতি দাখিলের জন্যে নির্দেশনা প্রদান করা হয়।

২। জনাব মোঃ আবু নাসির (তুষার), সেইলর এর বিরুদ্ধে সূচিত কার্যধারায় উল্লিখিত অভিযোগের প্রেক্ষিতে তিনি লিখিত বিবৃতি দাখিল করেন। তার দাখিলকৃত লিখিত বিবৃতি পর্যালোচনান্তে কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত সিদ্ধান্ত মোতাবেক কার্যধারায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য অত্র দপ্তরের দপ্তরাদেশ নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩০৬.২০-৮২ তারিখঃ ২১/০৩/২০২১ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তৎপ্রেক্ষিতে তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৩। তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক সকল রেকর্ডপত্র যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনান্তে জনাব মোঃ আবু নাসির (তুষার), সেইলর এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তার বেতন, সংশ্লিষ্ট বেতন স্কেলের নিম্নধাপে অবনমিতকরণ দণ্ড আরোপ করার বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। অতএব, কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব মোঃ আবু নাসির (তুষার), সেইলর, জরীপ ও সমীক্ষা বিভাগ, বাপাউবো, ঢাকা এর উপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(ক)(উ) মোতাবেক তার বেতন, সংশ্লিষ্ট বেতন স্কেলের নিম্নধাপে অবনমিতকরণ দণ্ড আরোপ করা হলো।

৫। এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

০৬/০৬/২০২৩

(মোঃ নোমান ফরিদ)
পরিচালক
পরিচিতি নম্বরঃ ৬৬০৮০৫০০২

নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩০৬.২০-১৩২(৮)

তারিখঃ ২৩-০২-১৪৩০ বঃ
০৬-০৬-২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. পরিচালক, কর্মচারী//হিসাব রক্ষণ/অডিট/অর্থ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৪. সি,এস,ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫. নির্বাহী প্রকৌশলী, জরীপ ও সমীক্ষা বিভাগ, বাপাউবো, ঢাকা।
৬. উপপরিচালক/হিসাব রক্ষণ অফিসার, কেন্দ্রীয় আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ঢাকা/গ্রীনরোড আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ঢাকা।
৭. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
৮. জনাব মোঃ আবু নাসির (তুষার), সেইলর, জরীপ ও সমীক্ষা বিভাগ, বাপাউবো, ঢাকা।

০৬/০৬/২০২৩

(শেখ মোঃ আবদুল খালেদ)
উপ পরিচালক (চঃদাঃ)
পরিচিতি নম্বর-৭১১২১৬০০১

E:\Quddus\OO.Lower stage.docx17

০৬/০৬/২৩